**বাংলাদেশ হাইকমিশন**
**লন্ডন**

**প্রেস বিজ্ঞপ্তি**

**লন্ডন, ২৬ মার্চ ২০১৭**

**বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে ৪৬তম মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন করলো বাংলাদেশ হাইকমিশন, লন্ডন**

যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ৪৬তম মহান স্বাধীনতা এবং জাতীয় দিবস উদযাপন করেছে লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশন। লন্ডন সফররত মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি -এর উপস্থিতিতে মান্যবর হাইকমিশনার জনাব মোঃ নাজমুল কাওনাইন ২৬ মার্চ সকালে হাইকমিশন প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচী শুরু করেন। এ সময়, কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ ও হাইকমিশনের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন । এই দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়।

এরপর, দিবসটির তাৎপর্য তুলে ধরে হাইকমিশন ভবনে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি। তিঁনি হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথা তুলে ধরেন। লন্ডনে বসবাসরত প্রবাসীদের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে তাদের অবদানের কথা ব্যক্ত করেন।

মান্যবর হাইকমিশনার তাঁর বক্তব্যের প্রারম্ভে হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানকে স্মরণ করেন। তিনি স্মরণ করেন, দেশ ও বিদেশে অবস্থানরত প্রত্যেক নর-নারী যারা বাংলাদেশের জন্যে ১৯৭১ সালে চরম আত্মত্যাগ স্বীকার করেছিলেন। তিনি মুক্তিযুদ্ধে যুক্তরাজ্যে বসবাসরত বাংলাদেশী ও যুক্তরাজ্যের বন্ধুদের অনন্য ভূমিকার কথা বিশেষ ভাবে উল্লেখ করেন। মুক্তিযুদ্ধের মূল্যবোধের ভিত্তিতে গণতান্ত্রিক, ধর্ম নিরপেক্ষ, সুখী ও সমৃদ্ধিশালী ডিজিটাল সোনার বাংলা বাস্তবায়নে স্ব-স্ব অবস্থান থেকে ভূমিকা পালন করার জন্য প্রত্যেকের প্রতি তিনি আহবান জানান।

আলেচনা অনুষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্যের উপর বক্তব্য রাখেন, জনাব সুলতান শরীফ, সভাপতি, যুক্তরাজ্য আওয়ামী লীগ, ফেন্ডস অব বাংলাদেশ এবং বাংলাদেশের প্রথম ডাকটিকেট ডিজাইনার জনাব বিমান মল্লিক এবং প্রথম বাংলাদেশী মেয়র অব ব্রেন্ট কাউন্সেলর জনাব পারভেজ আহমেদ।

এরপর মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে উপস্থিত অতিথিদের নিয়ে কেক কাটা হয়।

যুক্তরাজ্যে অবস্থানরত কমিউনিটি নেতৃবৃন্দ, বিভিন্ন পেশাজীবী ও অন্যান্য সংগঠনের নেতৃস্থানীয় প্রতিনিধিবৃন্দ, স্থানীয় ব্রিটিশ-বাংলাদেশী প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সম্পাদক ও বিশিষ্ট সাংবাদিকসহ অন্যান্য আমন্ত্রিত অতিথিবর্গ আলোচনা সভায় উপস্থিত ছিলেন।

এছাড়া, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে হাইকমিশন কর্তৃক ২৬ মার্চ সন্ধ্যায় সেন্ট্রাল লন্ডনের কেনসিংটন টাউন হলে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ হাইকমিশন, লন্ডন ৫২ পৃষ্টার একটি স্মরণিকা প্রকাশ করে।

Nadeem Qadir
( নাদীম কাদির )
মিনিষ্টর প্রেস
26/03/17